দৈনিক খবর 14

তারিখ 26 APR 1992
পৃষ্ঠা ৭ কলাম ৬

# শিক্ষা প্রসারে বৈপ্লবিক পদক্ষেপ নেয়া হয়েছে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশের শিক্ষার উন্নয়ন সাধনে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, সরকার শিক্ষা প্রসারের লক্ষ্যে ইতিমধ্যেই বৈপ্লবিকপদক্ষেপনিয়েছে।

শিক্ষামন্ত্রী শুক্রবার ঢাকায় শিক্ষা প্রকল্পনা ও উন্নয়ন গবেষণা ফাউন্ডেশন (ফ্রেপড)-এর বার্ষিক সম্মেলন ও সাধারণ সভায় প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ফ্রেপডের সভাপতি জাতীয় অধ্যাপক শামস-উল হকের সভাপতিত্বে এ অনুষ্ঠানে শিক্ষা সচিব জনাব শফিউল আলম ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর কাজী সালেহ আহমেদ বিশেষ অতিথির ভাষণ দেন। অধ্যাপক ফেরদৌস খান ও ডঃ সিরাজুদ্দিন আনুষ্ঠানে বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার ১লা জানুয়ারী হতে দেশের ৬৮টি উপজেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী চালু করেছে এবং পর্যায়ক্রমে প্রতিটি উপজেলায় এ কর্মসূচী চালু করা হবে। তিনি বলেন, সরকার সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও শিক্ষা খাতের উন্নয়নে সর্বাধিক বাজেট বরাদ্দ রেখেছেন। তথ্য বিবরণী।

ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, সরকার উচ্চ শিক্ষার প্রসার সাধনের লক্ষ্যে বেসরকারী বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও জাতীয় অনুমোদনকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য আইন প্রণয়ন করছে। তিনি বলেন, সরকার প্রতিটি পাবলিক পরীক্ষায় দুর্নীতি ও অসদুপায় রোধকল্পে কঠোর ব্যবস্থা গ্রহণ করছে। তিনি শিক্ষার উন্নয়নে সকলের সমন্বিত প্রচেষ্টা ও গবেষণার ওপর জোর দিয়েছেন।